তারিখ 09 FEB 2015
পৃষ্ঠা ৫ কলাম ৪

সংবাদ

# ধর্মপাশায় শিক্ষা উপকরণ বিতরণ

প্রতিনিধি, ধর্মপাশা (সুনামগঞ্জ)

সুনামগঞ্জের ধর্মপাশা উপজেলার সুখাইড় রাজাপুর উত্তর ইউনিয়নের সুখাইড় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে তৃতীয় থেকে পঞ্চম শ্রেণীতে পড়ুয়া ১৬৩ জন শিক্ষার্থীর মাঝে বিনামূল্যে শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে। গত রোববার দুপুরে স্থানীয় সংগঠন 'সুখাইড় কল্যাণ ফ্রেন্ডস ক্লাব'র উদ্যোগে বিদ্যালয় প্রাঙ্গণে এসব শিক্ষা উপকরণ বিতরণ করা হয়।

উপকরণ বিতরণ পূর্ব আলোচনা সভায় বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সভাপতি ইমান আলীর সভাপতিত্বে বক্তব্য রাখেন, বিদ্যালয়ের প্রধান শিক্ষক রণজয় তালুকদার, সহকারী শিক্ষক লাকী রানী দাস, আব্দুর রশিদ মেমোরিয়াল নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক রেজাউল করিম, সংগঠনের সভাপতি সারোয়ার হোসেন জেবীন, সাধারণ সম্পাদক মো. উজ্জ্বল, সদস্য সোহাগ মিয়া, সানোয়ার, রুবেল মিয়া, মনিলাল, কামাল মিয়া, কামরুল হাসান, সাংবাদিক চয়ন কান্তি দাস, এনামুল হক এনি প্রমুখ।